দৈনিক ইত্তেফাক

তারিখ 25 NOV 1992
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ৭ ...

15

# দিনাজপুরে ছাত্র সংঘর্ষ ৭ জন আহত

দিনাজপুর সংবাদদাতা ।। গতকাল (মঙ্গলবার) দিনাজপুর শহরে জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগ (ম-ই) কর্মীদের মধ্যে সংঘর্ষের জের ধরিয়া দুপুর হইতে রাত্রি পর্যন্ত সারা শহরে স্বাভাবিক জীবন যাত্রা ব্যাহত হয়। সংঘর্ষকারী দুই সংগঠনের কর্মীরা জেলা বিএনপি ও আওয়ামী লীগ অফিস তছনছ ও ভাংচুর করে। সংঘর্ষে আওয়ামী লীগের সংসদ সদস্য আমিনুল ইসলামসহ মোট সাতজন আহত হয়। চারজনকে সদর হাসপাতালে ভর্তি করা হইয়াছে।

গতকাল দুপুরে শহরে দিনাজপুর ইন্সটিটিউটের নিকটে এক চায়ের দোকানে চা পান করার সময় ছাত্রদল ও ছাত্র লীগের (ম-ই) কয়েকজন কর্মীর মধ্যে বচসা শুরু হয়। নিকটবর্তী এক স্থানে ঐ সময় ছাত্রলীগের কর্মিসভা চলিতেছিল। সভা হইতে ছাত্রলীগ কর্মীরা চায়ের দোকানে আসার পর দুই পক্ষের মধ্যে সংঘর্ষ বাধিয়া যায়। বেলা ৩টায় পুলিশ আসিয়া সংঘর্ষ থামায়। সংঘর্ষ চলাকালে ছাত্রদলের কিছু সংখ্যক কর্মী জেলা আওয়ামী লীগ অফিস তছনছ ও ভাংচুর করে। ইহার পর ছাত্রলীগ কর্মীরা বিএনপি অফিস তছনছ ও ভাংচুর করে। ইহার পর জেলা সদর হইতে নির্বাচিত আওয়ামী লীগের সংসদ সদস্য এডভোকেট আবদুর রহিমের বাসা ও চেম্বার তছনছ করা হয়। রাত্রে এই রিপোর্ট লেখা পর্যন্ত শহরে সব দোকানপাট বন্ধ ছিল। যানবাহন ও মানুষের চলাচল ছিল খুবই স্বল্প।